

## ছাত্র সংঘর্ষ ॥ ওসমানী মেডিক্যাল কলেজ বন্ধ ঘোষণা

সিলেট অফিস ॥ গতকাল মঙ্গল-বার সিলেট ওসমানী মেডিক্যাল কলেজে ছাত্রলীগ (শা-পা) ও ছাত্রদলের মধ্যে পুনরায় সংঘর্ষের প্রেক্ষিতে কর্তৃপক্ষ অনিদিষ্টকালের জন্য কলেজ বন্ধ ঘোষণা এবং গতকালই বিকাল ৬টার মধ্যে ছাত্রদের ও আজ বুধবার দুপুর ১২টার মধ্যে ছাত্রীদের ছাত্রাবাস ত্যাগ করার নির্দেশ দিয়াছেন। কড়া পুলিশ (শেষ পৃ: ৬-এর ক: দ্র:)

### ছাত্র সংঘর্ষ

(১ম পৃ: পর)

প্রহরার ছাত্র ছাত্রীদের ছাত্রাবাস ত্যাগের ব্যবস্থা করা হইয়াছে। সংঘর্ষের পরে কলেজ ছাত্র আহত হয়। তন্মধ্যে গুরুতর আহত ছাত্রদের ২ জনকে ওসমানী হাসপাতালে ভর্তি পর ছাত্রদের মেডিক্যাল কলেজ শাখার সাংগঠনিক সম্পাদক আরিফকে আশঙ্কাজনক অবস্থায় জরুরী ভিত্তিতে গতকাল বিকালে বিমানযোগে ঢাকায় হাসপাতালে স্থানান্তর করা হয়। হাসপাতাল সূত্রে জানা যায়, ধারালো অস্ত্রাঘাতে তাহার ডানহাতের কব্জি কাটিয়া গিয়াছে। অপর জন ছাত্রদের কলেজ শাখার কর্মী পিন্ট ওসমানী হাসপাতালে চিকিৎসাধীন আছে।

গত রবিবার গভীর রাতে কলেজের জিয়া ছাত্রাবাসে ছাত্রলীগ ও ছাত্রদের কর্মীদের মধ্যে রক্তক্ষয়ী সংঘর্ষের পর গতকাল সকাল সাড়ে ৯টায় কলেজ ক্যাম্পাসে পুনরায় সংঘর্ষ শুরু হয়। সংঘর্ষে গুলীবর্ষণ ও বোমাবাজি হয়। সাধারণ ছাত্র-ছাত্রী ও হাসপাতালের রোগীসহ সকলের মধ্যে আতঙ্কের সৃষ্টি হয়। এই সময় কলেজ ও ছাত্রাবাস এলাকায় পুলিশ মোতায়েন ছিল।

ছাত্রদের কেন্দ্রীয় সংসদের সহ-সভাপতি বদরুজ্জামান সেলিম এক বিবৃতিতে অভিযোগ করিয়াছেন, সকালে কলেজ ক্যাটিনে নাস্তা খাওয়ার সময় ছাত্রলীগ সন্ত্রাসীরা তারিক ও পিন্টের উপর সশস্ত্র হামলা চালায়। গত রবিবারও অনুরূপভাবে ছাত্রলীগ সন্ত্রাসীরা ছাত্রদের উপর সশস্ত্র হামলা চালায়। সোমবার ইহার

বিচার ও গ্রেফতারকৃত ৩জন ছাত্রদল নেতার মুক্তির দাবীতে জেলা প্রশাসক এবং পুলিশ সুপারের নিকট স্মারকলিপি দেওয়ার পরও গতকাল পুলিশের উপস্থিতিতে আবার তাহাদের উপর হামলা চালানো হয় এবং ষড়যন্ত্রমূলকভাবে পরিস্থিতি সৃষ্টির মাধ্যমে কলেজ বন্ধ করিয়া দেওয়া হয়।

অপরদিকে ছাত্রলীগ (শা-পা) মেডিক্যাল কলেজ শাখার সভাপতি সালেহউদ্দিন আহমেদ ও সাধারণ সম্পাদক মাহমুদ হাসান খান এক যৌথ বিবৃতিতে ঘটনার অন্য ছাত্রদলকে দায়ী করিয়া বলেন, গত রবিবার কলেজ ছাত্রাবাসে ছাত্রদের সন্ত্রাসীরা ছাত্রলীগ কর্মীদের উপর সন্ত্রাসী সশস্ত্র হামলার শাস্তির দাবীতে গতকাল সাধারণ ছাত্র-ছাত্রীদের মিছিল চলাকালে ছাত্রদের সন্ত্রাসীরা মিছিলের উপর এলোপাতাড়ি গুলীবর্ষণ ও বোমাবাজি করে। বিবৃতিতে তাহারা বিভিন্ন বর্ষের কাইনাল পরীক্ষা থাকা সত্ত্বেও কলেজ বন্ধ ঘোষণা করায় কর্তৃপক্ষের সমালোচনা করিয়া আগামী ৭২ ঘন্টার মধ্যে কলেজ খোলার দাবী জানাইয়াছেন।